.BFA REPUBLIK ÖSTERREICH
BUNDESAMT FÜR FREMDENWESEN UND ASYL

সাধারণ তথ্য
অ্যাসাইলাম পদ্ধতির
সম্বন্ধে

আপনি আপনার অ্যাসাইলাম আবেদন পত্র পেশ করেছেন
এবং আপনি এখন

ভর্তি পদ্ধতিতে

যেখানে আপনাকে আপনার ভ্রমণ এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য সম্বন্ধে প্রশ্ন করা হবে।

এক নজরে পদ্ধতি

1.) আপনি অস্ট্রিয়াতে পুলিশের কাছে অথবা একটা সুরক্ষা পরিষেবার কাছে একটা অ্যাসাইলামের জন্য আবেদন পত্র পেশ করেছেন।

2.) যদি আপনি আশ্রয়ের জন্য একটি আবেদন পেশ করে থাকেন, তাহলে পুলিশ আপনার পরিচয় এবং ভ্রমণ পথ সংক্রান্ত জিজ্ঞাসাবাদ করবে।
পুলিশের দ্বারা প্রাথমিক সাক্ষাত্কার নেওয়া, এবং ফেডারেল অফিস-এর ইমিগ্রেশন এবং অ্যাসাইলাম বিভাগটি নিম্নলিখিত বিষয়গুলির ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার পরে আন্তর্জাতিক সুরক্ষার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আপনার আবেদন পেশ করা হয়:
-আপনাকে একটি আঞ্চলিক অধিদপ্তরের প্রাথমিক অভ্যর্থনা কেন্দ্রে (পুলিশ দ্বারা স্থানান্তরণ) হাজির হতে বলা হয়েছে অথবা
-একটি বিশেষ অভ্যর্থনা কেন্দ্র আপনার জন্য নির্দিষ্ট করা হয়েছে।
নির্দ্ধারিত অভ্যর্থনা কেন্দ্রে আপনার যাওয়া আসা নিখরচায়। বিনামূল্যে পরিবহন ইতিমধ্যেই প্রাথমিক কল্যাণ সহায়তার অংশ।
অভ্যর্থনা কেন্দ্র অথবা আপনার জন্য কোন অঞ্চলটি নির্দিষ্ট করে দেওয়া হবে তা চয়ন করার অধিকার আপনার নেই।
আপনার অ্যাসাইলামের জন্য আবেদন তখনই গৃহীত হবে যখন এটা একজন ব্যক্তিগতভাবে প্রাথমিক রিসেপশন কেন্দ্রে পেশ করা হবে। আপনাকেও প্রাথমিক রিসেপশন কেন্দ্রে নিয়ে যাওয়া হতে পারে। একমাত্র তার পরেই অ্যাসাইলাম পদ্ধতি আরম্ভ হবে। যদি আপনাকে প্রাথমিক রিসেপশন কেন্দ্রে নিয়ে যাওয়া না হয়, তাহলে সাক্ষাত্কারের পরে, অনুসন্ধান এবং চিহ্নিতকরণ হয়ে যাওয়ার পরে পেশ করা আবেদনপত্রকে বৈধ বলে ধরে নেওয়া হবে। যদি আপনার বয়স ১৪ বত্সরের কম হয় এবং আপনার মাতা-পিতা কোথায় আছেন আপনি জানেন না, তখন প্রাথমিক অভ্যর্থনা কেন্দ্রে শুধুমাত্র আইনি উপদেষ্টার উপস্থিততে বিষয়টি নিশ্চিত করার পরই আবেদন পত্রটি জমা নেওয়া হবে। অনুগ্রহ করে

সকল নথিপত্র যা আপনি সঙ্গে করে এনেছেন তা পেশ করুন - আপনার পোষাক পরিচ্ছদ এবং মালপত্র আপনার সমলিঙ্গের একজন কর্মচারীর দ্বারা তল্লাসি করা হবে।

আপনার পরিচয় প্রতিষ্ঠার জন্য এবং অস্ট্রিয়া আপনার অ্যাসাইলাম আবেদনপত্রের জন্য আদৌ দায়িত্বশীল কিনা তা পরীক্ষা করার জন্য আপনার **আঙুলের ছাপ** নেওয়া হবে। আপনি 3 দিনের মধ্যে একটা সবুজ পদ্ধতি-কার্ড পাবেন, যদি না এই কার্ডটি ইস্যু করার আগে ইতিমধ্যে আপনার পদ্ধতি অনুমোদিত হয়ে থাকে, সেক্ষেত্রে Asylgesetz 2005 (AsylG 2005 – এসাইলাম অ্যাক্ট 2005) (হোয়াইট কার্ড)-এর § 51 অনুসারে যদি, আপনি বসবাসের অধিকারের কার্ড পাবেন।

3.)এখন আপনি আপনার অ্যাসাইলাম আবেদনপত্র পেশ করেছেন, আপনার পরিচয় এবং যাত্রার সম্বন্ধে পুলিশ আপনাকে জিজ্ঞাসাবাদ করবেন।

4.)ভর্তি পদ্ধতির একটা অংশ হিসাবে - যদি না আপনার আবেদন ইতিমধেই অনুমোদন করা হয়ে থাকে - কমপক্ষে একবার একজন ব্যক্তির দ্বারা আপনার সাক্ষাত্কার নেওয়া হবে যিনি আপনার অ্যাসাইলাম আবেদনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবেন। অধিকর্তাদের সঙ্গে সাক্ষাত্কারের সময়ে আপনি আপনার একজন বিশ্বস্ত তৃতীয় পক্ষকে এবং একজন প্রতিনিধিকে আপনার সঙ্গে আনতে পারেন।আঠার বছরের কম বয়সী অ্যাসাইলাম সন্ধানকারীদের সঙ্গে সাক্ষাত্কারের সময়ে একজন আইনী প্রতিনিধিকে উপস্থিত থাকতেই হবে।

5.)নিম্নলিখিত ভাবে ভর্তির পদ্ধতি শেষ হতে পারে:

যদি আজ পর্যন্ত পদ্ধতি দেখায় যে আপনি সম্ভবত অন্য দেশে (একটা নিরাপদ তৃতীয় দেশে) থেকে নির্যাতনের সুরক্ষা পাচ্ছেন অথবা আপনার আবেদনপত্র পরীক্ষা করার জন্য অন্য দেশ দায়িত্ব নিচ্ছে, তাহলে অস্ট্রিয়াতে আপনার অ্যাসাইলাম আবেদন **বাতিল করার** মনস্থ হতে পারে, অথবা অন্য কোন কারণে এটা **বাতিল** হলে, আপনাকে তা আগেই জানিয়ে দেওয়া হবে এবং আপনাকে একজন আইনী পরামর্শদাতা দেওয়া হবে।পরের ব্যক্তির কাজ হবে পরামর্শ দেওয়া এবং তিনি পরের সাক্ষাত্কারগুলিতে উপস্থিত থাকবেন। যত তাড়াতাড়ি সম্ভব সিদ্ধান্তটি আপনাকে জানিয়ে দেওয়া হবে।

- ❖ সাক্ষাত্কারের পরে, পদ্ধতির ওপর একটা সিদ্ধান্ত নিম্নলিখিত আকারে হতে পারে:
- ❖ অ্যাসাইলাম পদ্ধতিতে আপনাকে প্রবেশের অনুমতি দেওয়া হবে না: আপনি একটা প্রত্যাক্ষানের অথবা বাতিলের বিজ্ঞপ্তি পাবেন।
  - ❖ অ্যাসাইলাম পদ্ধতিতে আপনাকে প্রবেশের অনুমতি দেওয়া হবে: এর অর্থ হল আপনি একটা বাস করার অনুমতি পাবেন এবং একটা রিসেপশন কেন্দ্রে স্থির হতে পারেন - সম্ভবত অন্য

একটা অস্ট্রিয়ান ফেডারেল রাজ্যে। আপনার অ্যাসাইলামের আবেদনের ওপর নেওয়া সিদ্ধান্ত ফেডারেল অফিসের আঞ্চলিক শাখায় অফিসে পরের এক সময়ে পৌঁছে যাবে।

যদি অনুমান করা যায় যে আপনার অ্যাসাইলাম আবেদনকে বাতিল করা হবে না, আপনি স্বাভাবিক ভাবে অ্যাসাইলাম পদ্ধতিতে প্রবেশের **অনুমতি পাবেন**; এর মানে, আপনার আবেদনের সম্বন্ধে (ছেড়ে যাওয়ার কারণগুলি) একটা সিদ্ধান্ত তৈরী করা হবে।ভর্তি পদ্ধতির বিষয়ে নেওয়া সিদ্ধান্তকে এটা বাধা দিতে পারবে না।একবার আপনি অ্যাসাইলাম পদ্ধতিতে প্রবেশের অনুমতি পেলে আপনি একটা **বাস করার অনুমতি** পাবেন এবং সেটা আপনার অস্ট্রিয়াতে থাকার বৈধতাকে প্রমাণ করে দেবে। পরে আপনাকে একটা রিসেপসন কেন্দ্রে থাকতে দেওয়া হতে পারে – সম্ভবত অন্য একটা ফেডারাল রাজ্যে।আপনার অ্যাসাইলাম আবেদনের ওপর নেওয়া সিদ্ধান্ত ফেডারেল অফিসের আঞ্চলিক শাখায় পরের এক সময়ে পৌঁছে যাবে।

যদি আপনি আপনার **স্বদেশে** ফেরত যেতে চান, তাহলে আপনি পদ্ধতির যে কোন পর্যায়ে, এবং যে কোন সময়ে ঘরে ফেরার ওপর পরামর্শ পেতে পারেন। আশ্রয়ের জন্য আপনার আবেদন প্রত্যাখ্যাত হতে পারে এমন তথ্য পাওয়ার পর বা যদি ফেডারেল অফিস আপনার দেশে ফেরার সিদ্ধান্ত গ্রহণ করে, তাহলে আপনি ফেরত যাবার পরামর্শ পরিষেবা নিতে বাধ্য।

আরও জরুরী তথ্য:

- যদি আপনি একটা উত্তরকালীন আবেদন পেশ করে থাকেন (যেমন, একটা আবেদনের পর আরও একটা আবেদন যার জন্য একটা আইনী সিদ্ধান্ত ইতিমধ্যেই হয়ে গেছে), তাহলে বিশেষ ব্যবস্থা প্রযোজ্য হবে।একটা আলাদা পুস্তিকা এর ব্যাপারে তথ্য দেবে।

- অ্যাসাইলাম পদ্ধতি চলার সময়ে আপনাকে পরামর্শ দিতে প্রাথমিক রিসেপশন কেন্দ্রে স্বাধীন আইনী পরামর্শদাতাগণ থাকেন। আপনি চাইলে

  তাদেরসঙ্গে যোগাযোগ করতে পারেন। যাহোক, আপনি আপনার নিজের আইনী পরামর্শদাতা (উকিল) অন্তর্ভুক্ত করতে পারেন।

  আইনী পরামর্শদাতা হচ্ছেন এমন একজন ব্যক্তি যিনি বিদেশী নাগরিক এবং অ্যাসাইলামের ক্ষেত্রে ভাল মত অভিজ্ঞ থাকেন। পরামর্শদাতাগণ

  বিষয়ভিত্তিক এবং স্বাধীনভাবে আপনার প্রতিনিধিত্ব করেন এবং আইনের ক্ষেত্রে আপনাকে পরামর্শ দেন।এছাড়াও, এই আইনী

পরামর্শদাতাগণ তাদের কর্তব্য গোপনীয়তার সঙ্গে সম্পাদন করেন।

- বিভিন্ন কারণে, আপনার নির্বাসনের পদ্ধতিকে সুরক্ষিত করার জন্য আপনাকে বন্দী অবস্থায় রাখা হতে পারে। যদি আপনি নিজেকে বন্দী দেখেন, তাহলে

ফেডারেল অফিসের অধিকর্তাদের একজন কর্মচারী আপনার সঙ্গে যোগাযোগ করে হয় বন্দী স্থানে অথবা প্রাথমিক রিসেপশন কেন্দ্রে আপনার

সাক্ষাত্কার নেবেন। আটক কেন্দ্রে আপনি আইনী পরামর্শ পেতে পারেন।

- যদি আপনি আঠারো বছরের কম বয়সী হন এবং এই সময়ে আপনার বাবামা কোথায় থাকেন আপনি জানেন না, তাহলে অনুগ্রহ করে সঙ্গে সঙ্গে আমাদের জানান। যতক্ষণ না পর্যন্ত আপনাকে রিসেপশন সেন্টারে রাখা হচ্ছে ততক্ষণ পর্যন্ত সমস্ত পদ্ধতি চলাকালীন একজন আইনী পরামর্শদাতা আপনার প্রতিনিধিত্ব করবেন। বিশেষ করে, সকল সাক্ষাত্কারগুলিতেই আইনী পরামর্শদাতা উপস্থিত থাকবেন।

- যদি আপনার চিকিত্সাজনিত অথবা মানসিক সমস্যা থাকে, তাহলে অনুগ্রহ করে একজন ডাক্তারকে অথবা একজন আইনী পরামর্শদাতাকে তত্ক্ষণাত তা জানান।

- যদি আপনি আপনার স্বদেশে যৌন নিগ্রহের (যৌন উত্পীড়ণ) কারণে নির্যাতনের ভয় পান তাহলে তত্ক্ষণাতআমাদের জানান।আপনাকে তাহলে কর্মচারীদের একজন সদস্য, আপনারই লিঙ্গের, অবশ্য আপনি যদি অন্য কোন ভাবে অনুরোধ না করেন, আপনার সাক্ষাত্কার নেবেন।

- যদি আপনি আপনার স্বদেশে নিরাপদে এবং সম্মানের সঙ্গে ফিরে যেতে চান, তাহলে পদ্ধতি চলা কালীন বাড়ি ফেরার পর যে কোন পর্যায়ে, এবং যে কোন সময়ের পরামর্শ ব্যবহার করতে পারেন। বাড়ি ফেরার পরের পরামর্শের মধ্যে আছে অস্ট্রিয়া এবং আপনার উত্স দেশে সম্ভাবনার শ্রেণী বিভাগ। যদি আপনি প্রস্তাবটি গ্রহণ করেন, তাহলে আপনি অর্থনৈতিক সাহায্যও পেতে পারেন।
  বাড়ি ফেরার পরে যে সকল সংস্থাগুলি সাহায্য প্রদান করেন তাদের সম্বন্ধে আরও তথ্যের জন্য আইনী পরামর্শদাতা (প্রাথমিক রিসেপশন কেন্দ্রের) অথবা আমাদের কর্মচারী-সদস্যের সঙ্গে কথা বলুন।
- ইউনাইটেড নেশনস হাই কমিশনার ফর রিফিউজিস (ইউএনএইচসিআর):
  আপনি যে কোন সময়ে ইউনাইটেড নেশনস কমিশনার ফর রিফিউজিসের সঙ্গে যোগাযোগ করতে পারেন: পোস্ট বক্স 550, 1400 ভিয়েনা, টেলি, নং, 01/26060/4968 (আইন বিভাগ); ফ্যাক্স: 01/2634115; ই-মেল: ausvi@unhcr.ch; ইন্টারনেট: www.unchr.at.
  অনুগ্রহ করে নোট করুন, ইউএনএইচসিআর পরামর্শ দিতে অস্ট্রিয়ায় আসেন না।
- **যোগাযোগের সম্ভাবনা:**

www.rechtsanwaelte.at টTuchlauben 12, A-1010 ভিয়েনা,টেলি: +43 (1) 535 12

- এখনও আপনার যদি কোন প্রশ্ন থেকে থাকে, আমাদের কর্মচারীবৃন্দ আপনাকে সাহায্য করতে পারলে বাধিত হবেন।